

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি সম্বন্ধীয় বিজ্ঞপ্তি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ইং শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তির জন্য গত ২৭ অক্টোবর, ২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল অনুযায়ী একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে প্রথম ৫৪৯২ জনের মেধা তালিকা প্রকাশ করা হইল। উক্ত মেধাক্রম ও বিভাগ পছন্দ অনুযায়ী বিভিন্ন বিভাগে ১০৬৫টি আসনের বিপরীতে পর্যায়ক্রমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। সেই অনুযায়ী ১ম পর্যায়ে মেধা তালিকার প্রথম ১৫০০ জনকে নিম্ন ছকে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী সনদপত্র যাচাই কমিটির সামনে উপস্থিত হওয়ার জন্য বলা হইল।

রিপোর্টিং ও ভর্তির সময়সূচী	
• রিপোর্টিং ও বিভাগ পছন্দের ফরম গ্রহণ :	১০/১১/২০১৮ইং, রোজ শনিবার (মেধা তালিকা ১ হইতে ১৫০০)
• রিপোর্টিং সময় :	সকাল ৯-০০ ঘটিকা থেকে দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত
• সনদপত্রাদি যাচাই শুরু :	সকাল ৯-৩০ মিনিট
• স্বাস্থ্য পরীক্ষা শুরু :	সকাল ১০-০০ ঘটিকা
• বিভাগ পছন্দ, মেধাক্রম ও আসন খালি থাকা সাপেক্ষে উপস্থিত প্রার্থীদের সম্ভাব্য বিভাগ বরাদ্দ :	সকাল ৯-০০ ঘটিকা, ১১/১১/২০১৮, রোজ রবিবার
• ভর্তির তারিখ :	১১/১১/২০১৮ইং তারিখ হইতে ১২/১১/২০১৮ইং তারিখ পর্যন্ত

স্বাস্থ্য পরীক্ষা ও সনদপত্রাদি যাচাইয়ের পর যোগ্য প্রমাণিত হইলে সভাপতি, ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে জনতা ব্যাংক, কুয়েট কর্পোরেট শাখায় প্রয়োজনীয় ফিস জমা দিয়া ভর্তি হইতে হইবে।

ভর্তির জন্য ব্যাংক ফিস প্রদানের সময়সূচী	
টাকার পরিমাণ:	১৬,৮৭৫/- (ষোল হাজার আটশত পঁচাত্তর)
১১/১১/১৮ইং তারিখ হইতে ১২/১১/১৮ইং তারিখ পর্যন্ত প্রতিদিন	সকাল ১০-০০ হইতে বিকাল ৪-০০ টা পর্যন্ত

ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্রাদি বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হইবে	
* বোর্ড প্রদত্ত মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীটসমূহ	
* এইচ.এস.সি পরীক্ষার প্রবেশ পত্র/রেজিস্ট্রেশন কার্ড	
* মাধ্যমিক পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রশংসা পত্র	
* সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি	

ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী	
• কোন প্রার্থী নির্ধারিত সময়ে অনুপস্থিত থাকিলে বা উপস্থিত হইয়া নির্ধারিত তারিখে ভর্তি হইতে ব্যর্থ হইলে ভর্তির আর কোন সুযোগ থাকিবে না। এই ব্যাপারে কোন আবেদনও বিবেচনা করা হইবে না।	
• আসন পূর্ণ হওয়ার পর অতিরিক্ত ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত দিনে উপস্থিত হইলেও তাহাদেরকে ভর্তি করা হইবে না তবে তাহাদেরকে ভর্তির জন্য অপেক্ষমান তালিকায় রাখা হইবে। কোন কারণে ২৩/০১/১৯ইং তারিখ পর্যন্ত (অর্থাৎ ওরিয়েন্টেশনের পূর্বের দিন পর্যন্ত) আসন খালি হইলে উক্ত রিপোর্টিংকৃত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হইবে।	
• মেধাক্রমে স্থান প্রাপ্ত কোন প্রার্থী ভর্তি না হইলে বা কোন প্রার্থী অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি বাতিল করিলে মেধাক্রম ও বিভাগ পছন্দক্রম অনুসারে ঐ শূন্যস্থান Auto migration প্রক্রিয়ায় স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা হইবে।	
• ভর্তি প্রক্রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত আসন খালি থাকা সাপেক্ষে প্রার্থীর বিভাগ পছন্দের ক্রমানুসারে মেধানুযায়ী বিভাগ পরিবর্তন Auto migration প্রক্রিয়ায় চলিতে থাকিবে। তবে কোন প্রার্থী ইচ্ছা করিলে তাহার Auto migration প্রক্রিয়া ভর্তির দিন আবেদনপত্রের মাধ্যমে বন্ধ করিতে পারিবে।	
• প্রত্যেক প্রার্থীকে নিজ দায়িত্বে Auto migration এর পর তাহার অবস্থান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হইতে জানিয়া লইতে হইবে। Auto migration প্রক্রিয়ার মাধ্যমে কাহারো বিভাগ পরিবর্তন হইলে তাহা কোন ভাবেই পূর্বাবস্থানে ফেরত নেওয়া যাইবে না।	
• ওরিয়েন্টেশন ও ক্লাস শুরুর পূর্বেই ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের সংযুক্ত হলের নাম জানিয়ে দেওয়া হইবে। হলে ভর্তির জন্য তখন আনুমানিক ৭,৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা জমা প্রদান করিয়া নির্ধারিত হলে ভর্তি হইতে হইবে।	
• ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য নোটিশ বোর্ডে এবং admission.kuet.ac.bd এই website-এ পাওয়া যাইবে।	

ওরিয়েন্টেশনের সম্ভাব্য তারিখ ২৪/০১/২০১৯ইং, বৃহস্পতিবার, সকাল ১০-০০ঘটিকা।

ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ ২৭/০১/২০১৯ইং, রবিবার, সকাল ৮-০০ ঘটিকা।

যোষিত তারিখে ১ম পর্যায়ে ভর্তির পর আসন খালি থাকা সাপেক্ষে পরবর্তী পর্যায়ে মেধা তালিকা হতে পর্যায়ক্রমে ভর্তি করা হইবে। ২য় পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির তারিখ ও সময় ১৩/১১/১৮ইং তারিখ বিকাল ৫-০০টার মধ্যে জানানো হইবে।

বিঃদ্রঃ ভর্তির জন্য অনলাইনে বিভাগ পছন্দের বিজ্ঞপ্তি ০১/১১/১৮ইং তারিখ দেওয়া হইবে।

(প্রফেসর ড. কাজী হামিদুল বারী)

সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটি

শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

১৩/১০/১৮